

স্মারক নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫(অংশ-২)-৭৪

২৭/০২/১৪৩১ ব.  
তাং -----  
১০/০৬/২০২৪ খ্রি.

বিষয়ঃ দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা ও বদলিজনিত ভ্রমণ ভাতা বিল দাখিলকরণ।

সূত্র-১: অর্থ বিভাগের প্রজ্ঞাপন-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫(অংশ-২)-৭৮; তারিখ-১৪/০৭/২০২২ খ্রি।  
সূত্র-২: অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫(অংশ-২)-২৫; তারিখ- ০১/০৩/২০২৩ খ্রি।  
সূত্র-৩: অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫(অংশ-২)-৬২; তারিখ-১২/০৬/২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকসমূহের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের ১৪/০৭/২০২২ খ্রি. তারিখের ৭৮ নং প্রজ্ঞাপনমূলে (সূত্র-১) দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা এবং বদলিজনিত ভ্রমণ ভাতা পুনঃনির্ধারিত আকারে ০১/১০/২০২২ খ্রি. তারিখ হতে কার্যকর রয়েছে। উক্ত প্রজ্ঞাপনের আলোকে ০১/০৩/২০২৩ খ্রি. তারিখে জারিকৃত ২৫ নং স্মারকের (সূত্র-২) বরাতে iBAS++ এর অনলাইন প্ল্যাটফর্মে দৈনিক ভাতা, ভ্রমণভাতা এবং বদলিজনিত ভ্রমণভাতা বিল দাখিল ০১/০৩/২০২৩ খ্রি. তারিখ হতে সকল সরকারি অফিসে কার্যকর রয়েছে। ইতোমধ্যে iBAS++ এর মাধ্যমে উপর্যুক্ত ভাতাসমূহের বিল দাখিলের Online System পূর্ণাঙ্গরূপে কার্যকর করা হয়েছে এবং একই উপজেলার অভ্যন্তরে ভ্রমণের বিষয়টি iBAS++ সিস্টেমের টিএ/ডিএ অপশনে সংযুক্ত করা হয়েছে। এ প্রেক্ষিতে iBAS++ এর মাধ্যমে দৈনিক ভাতা, ভ্রমণভাতা এবং বদলিজনিত ভ্রমণভাতা বিল দাখিল সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত নিম্নরূপ নির্দেশনাবলী আবশ্যিকভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ-

- (১) বেসামরিক সরকারি কর্মচারীদের সকল দৈনিক ভাতা, ভ্রমণভাতা এবং বদলিজনিত ভ্রমণভাতা বিল আবশ্যিকভাবে iBAS++ এর Execution Module এর মাধ্যমে দাখিল করতে হবে। অর্থ বিভাগের পূর্বানুমোদন ছাড়া (কেস টু কেস ভিত্তিতে) কোন বিল ম্যানুয়ালি বা অফলাইনে গ্রহণ ও অনুমোদন করা যাবে না।
- (২) অর্থ বিভাগ হতে জারিকৃত ১২/০৬/২০২৩ তারিখের ৬২ নং স্মারকে (সূত্র-৩) নির্দেশিত দৈনিক ভাতা, ভ্রমণভাতা এবং বদলিজনিত ভ্রমণভাতা বিল ম্যানুয়াল পদ্ধতিতে দাখিল সংক্রান্ত (৩) ও (৫) নং সিদ্ধান্তসমূহ বেসামরিক সরকারি অফিসের জন্য প্রত্যাহার করা হলো।

  
(সৈয়দ আলী বিন হাসান)  
উপসচিব  
ফোনঃ ৫৫১০০১৮৩


নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫(অংশ-২)- ৭৪ (২০০)

২৭/০২/১৪৩১ ব.  
তাং -----  
১০/০৬/২০২৪ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরিত হলঃ-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা (তঁার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

- ৪। সিনিয়র সচিব/সচিব -----(সকল মন্ত্রণালয়/বিভাগ) (তৌর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৫। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (তৌর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৬। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা (তৌর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৭। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ঢাকা (তৌর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৮। জাতীয় কর্মসূচী পরিচালক, এসপিএফএমএস কর্মসূচী, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। বিভাগীয় কমিশনার (সকল)-----।
- ১০। অর্থ বিভাগের সকল অনুবিভাগ-----।
- ১১। জেলা প্রশাসক (সকল)-----। (তৌর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ১২। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ১৫। অফিস কপি।

  
20/04/28

(সৈয়দ আলী বিন হাসান)

উপসচিব

ফোনঃ ৫৫১০০১৮৩